



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৫৭০

নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-০৪/ ২০১৩

তারিখঃ ১৬/১০/২০১৬খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদানসহ সমর্থনীয় কাগজপত্র দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং- ০৫.১০.৪২০০.০০৯.০১.০০২.১৫.৩৩৫/১; তারিখঃ ২৫ নভেম্বর ২০১৫
২) নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-০৪/১৮/৭; তারিখঃ ১১/০১/২০১৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বালকাঠী জেলার কাঠালিয়া উপজেলাধীন মফিজউদ্দিন ইসলামিয়া দাখিল মাদরাসার সুপার এর বিরুদ্ধে প্রতিষ্ঠাতা দাবীদার জনাব মোঃ আবদুল ওয়াহেদসহ কতিপয় দাতাগণ অভিযোগ দাখিল করেন। অভিযোগে সুপার এর বিরুদ্ধে বিদ্যমান বিধি বিধান লঙ্ঘন করে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যদের বাদ দিয়ে গোপনে মনগড়া ম্যানেজিং কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য বোর্ডে দাখিল করেছেন মর্মে উল্লেখ করা হয়।

২) অভিযোগের বিষয়ে তদন্ত করণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলা প্রশাসক, বালকাঠীকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, বালকাঠী, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বালকাঠী এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে দেখা যায়, প্রতিষ্ঠাতা সদস্য জনাব মোঃ আঃ ওয়াহিদ এবং দাতা সদস্য মিসেস ফাতিমা নাজনীন, মোঃ গোলাম কবির (মন্টু), ফৌরদাউস ওয়াহিদ ও আঃ মজিদ মিয়র নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি।

বর্ণিত অবস্থায় প্রকৃত প্রতিষ্ঠাতা সদস্য ও দাতা সদস্যদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেয়ার বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যাসহ ২০০৮ সালের অনুমোদিত কমিটি সংক্রান্ত সকল কাগজপত্র ও রেজুলেশনের কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর -

মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও
পরীক্ষা নিয়য়ক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২

প্রাপকঃ সুপার, মফিজউদ্দিন ইসলামিয়া দাখিল মাদরাসা, কাঠালিয়া, বালকাঠী।

নং- বামাশিবো/প্রশা/বালকাঠী-০৪/ ২০১৩

তারিখঃ ১৬/১০/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বালকাঠী।
২. উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, বালকাঠী।
৩. জেলা শিক্ষা অফিসার, বালকাঠী।
৪. সভাপতি ম্যানেজিং কমিটি, মফিজউদ্দিন ইসলামিয়া দাখিল মাদরাসা, কাঠালিয়া, বালকাঠী।
৫. জনাব মোঃ আবদুল ওয়াহেদ/মিসেস ফাতেমা নাজনীন/মোঃ আঃ মজিদ মিয়া গং
গ্রাম- কচুয়া, ডাকঘর- কচুয়া, উপজেলা- কাঠালিয়া, জেলা- বালকাঠী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

স্বাক্ষর -

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ১৬৭৪৮৭৪

২০/১০/১৬